

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.১৩০

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসাকে প্রাথমিক পর্যায়ে এমপিওভুক্তকরণের একটি প্রচেষ্টা চলমান রয়েছে। সে প্রেক্ষিতে উক্ত মাদ্রাসাসমূহের প্রেরিত তথ্য সঠিক আছে কিনা তা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ/আলোচনাপূর্বক সঠিকতা নিশ্চিতকরে আগামী ২৫-৫-২০২৫খ্রি. এর মধ্যে লিখিত প্রতিবেদন সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)-এর নিকট জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাদের তাদের নামের পার্শ্বে বর্ণিত জেলার দায়িত্ব প্রদান করা হলো:

ক্রম	কর্মকর্তার নাম	পদবী	জেলার নাম
০১	জনাব মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার	উপ-পরিচালক (প্রশাসন)	নোয়াখালী, ফেনী, লক্ষীপুর
০২	ড. কে. এম শফিকুল ইসলাম	উপ-পরিচালক (অর্থ)	খুলনা, বাগেরহাট, মাগুরা
০৩	জনাব মোঃ শামিউল ইসলাম প্রামানিক	উপ-পরিচালক, (প্রশিক্ষণ)	গাইবান্ধা, রংপুর, লালমনিরহাট
০৪	জনাব মোঃ জহরুল ইসলাম	উপ-পরিচালক (উন্নয়ন)	নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট
০৫	জনাব মুর্শিদা করিম	পরিদর্শক, (রংপুর)	পটুয়াখালী, পিরোজপুর
০৬	জনাব জি এম শামসুল আলম	পরিদর্শক (চট্টগ্রাম)	ঠাকুরগাঁও, কুড়িগ্রাম, নীলফামারী
০৭	জনাব মোঃ আসাদুজ্জামান	পরিদর্শক (ঢাকা ও সিলেট)	কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, নড়াইল
০৮	জনাব মোঃ রুবেল হোসাইন	সহকারী পরিচালক (প্রশাসন)	ঝিনাইদহ, যশোর
০৯	জনাব মোঃ শরিফুল ইসলাম	সহকারী পরিচালক (অর্থ)	টাঙ্গাইল, নরসিংদী, মানিকগঞ্জ
১০	জনাব মোহাম্মদ শুকুর আলম মজুমদার	সহকারী পরিচালক (বরিশাল)	চাঁদপুর, কুমিল্লা, বরিশাল
১১	জনাব মোহাম্মদ আবদুর রাজ্জাক	সহকারী পরিচালক (রাজশাহী)	কিশোরগঞ্জ, জামালপুর
১২	জনাব বেনজীর অহমেদ	সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)	গোপালগঞ্জ, শরিয়তপুর, সাতক্ষীরা
১৩	জনাব মোঃ ইসমাইল হোসেন	সহকারী পরিচালক (অডিট ও আইন)	ফরিদপুর, ঢাকা, গাজীপুর
১৪	জনাব মোঃ সাখাওয়াত হোসেন	সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন)	মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ
১৫	জনাব ফিরোজ আল মাহমুদ	সহকারী পরিচালক (ঢাকা)	সিলেট, নেত্রকোনা, শেরপুর
১৬	জনাব ইবাদাত হোসাইন	সহকারী পরিচালক (খুলনা)	মাদারীপুর, রাজবাড়ী, মুন্সিগঞ্জ
১৭	জনাব মোঃ বুলবুল আহমেদ	সহকারী পরিচালক (চট্টগ্রাম)	বগুড়া, সিরাজগঞ্জ, রাজশাহী
১৮	জনাব মোঃ জাহাঙ্গীর আলম চাকলাদার	সহকারী পরিচালক	বরগুনা, ভোলা, ঝালকাঠী
১৯	জনাব মুহাম্মদ সাজিদুল হক	পরিদর্শক (বরিশাল)	কক্সবাজার, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ
২০	জনাব লিপি রানী	পরিদর্শক (রাজশাহী)	দিনাজপুর, পঞ্চগড়
২১	জনাব ইমন আমির	পরিদর্শক (খুলনা)	পাবনা, নওগাঁ
২২	জনাব মোছা: মেহেরুন নেছা	লাইব্রেরিয়ান কাম ডকু: অফিসার	ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়ীয়া
২৩	জনাব মোহাম্মদ আবু জাফর	হিসাবরক্ষণ কর্মকর্তা	খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি

কর্মপরিধি:

(ক) নির্ধারিত জেলায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার তালিকা, পরিদর্শন ফরম, উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত তালিকাসহ প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা থেকে সংগ্রহপূর্বক যাচাই-বাছাই সম্পন্ন করতে হবে।

- (খ) সরেজমিন তদন্তের ক্ষেত্রে মাদ্রাসাসমূহের অবকাঠামো ও মাদ্রাসার নামে রেজিস্ট্রিকৃত জমির পরিমাণ নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
- (গ) মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা ও নিকটতম স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা থেকে দূরত্ব নিশ্চিতপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (ঘ) পরিদর্শনকালে সংশ্লিষ্ট মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, স্থানীয় গণ্যমান্য ব্যক্তির সাথে মতবিনিময় করতে হবে।
- (ঙ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিবেশ সংক্রান্ত বিষয়ে মতামত পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (চ) পরিদর্শনের পূর্বে পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কে অবহিত করতে হবে।

উপরে বর্ণিত কর্মকর্তাগণ পরিদর্শনকালে সরকারি বিধিমোতাবেক টিএডিএ প্রাপ্য হবেন।

২। যথাযথ কর্তৃপক্ষ অনুমোদনক্রমে এই আদেশ জারী করা হলো।


১৮-০৫-২০২৫
এইচ. এম. নূরুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)
+০২৪১০৩০১৬২

নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৪.১৩০/১ (৯)

৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৩। জেলা প্রশাসক.....(সকল) [সরেজমিন পরিদর্শনকারী কর্মকর্তাদের সার্কিট হাউজ/ডাক বাংলোতে অবস্থানের ব্যবস্থাকরনের অনুরোধসহ]।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি).....(সকল)।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) [সরেজমিন পরিদর্শন সংক্রান্ত যাবতীয় কাজে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ]।
- ৬। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ.....(সকল)।
- ৭। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,(সকল) [সরেজমিন পরিদর্শন সংক্রান্ত যাবতীয় কাজে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ]।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।




১৮-০৫-২০২৫
বেনজীর আহমেদ
সহকারী পরিচালক